

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: বিজ্ঞান

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন ক্রমিক
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	দ্বিতীয় অধ্যায়: উদ্ভিদ ও প্রাণীর কোষীয় সংগঠন	পাঠ-১-২: একটি উদ্ভিদ কোষের বর্ণনা  পাঠ-৩-৫: কোষ অঙ্গাণুগুলোর পরিচয়  পাঠ-৬-৭: উদ্ভিদ টিস্যুর বৈশিষ্ট্য ও কাজ  পাঠ-৮-১০: প্রাণীটিস্যুর বৈশিষ্ট্য ও কাজ  পাঠ-১১: যোজক টিস্যু	১। একটি প্রাণিকোষ ও একটি উদ্ভিদকোষ এর চিত্রিত চিত্র অংকন করে উপস্থাপন কর।  ২। মানবদেহের কোন কোন অংগানু ঐচ্ছিক পেশি এবং অনৈচ্ছিক পেশি তার একটি তালিকা তৈরী কর এবং খাতায় লিপিবদ্ধ কর।  ৩। প্রাণিদেহের যে কলা উদ্দীপনায় সাড়া দিয়ে উপযুক্ত প্রতিবেদন সৃষ্টি করতে পারে সেই কোষটির সচিত্র বর্ণনা কর।	১। শিক্ষার্থীরা পোস্টার/ খাতায় উদ্ভিদ ও প্রাণিকোষের চিত্রাংকন শিখবে।  ২। মানবদেহের কোন অঙ্গাণুগুলো ঐচ্ছিক পেশি ও কোন অঙ্গাণুগুলো অনৈচ্ছিক পেশি দ্বারা গঠিত তা জানতে হবে।  ৩। প্রাণিদেহের স্নায়ুকোষ সম্পর্কে ধারণা নিবে।	<b>অতি উত্তম:</b> ১। ৩টি প্রশ্নের উত্তর সঠিক ও ধারাবাহিকভাবে লেখা। ২। প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ হলে। ৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে। <b>উত্তম:</b> ১। ২টি প্রশ্নের উত্তর সঠিক ও ধারাবাহিকভাবে লেখা। ২। ২টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ হলে। ৩। ২টি প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে। <b>ভাল:</b> ১। ৩টি প্রশ্নের উত্তর সঠিক থাকলে ও ধারাবাহিকতার অভাব থাকলে। ২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা আংশিকভাবে সঙ্গতিপূর্ণ হলে। ৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে। <b>অগ্রগতি প্রয়োজন:</b> ১। ৩টি প্রশ্নের উত্তর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব থাকলে। ২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণার সঙ্গতির অভাব হলে। ৩। প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা না থাকলে।